

# রাজশাহী বিশ্ববিদ্যালয়

ছাত্র-উপদেষ্টা দপ্তর

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি কোটায় ভর্তির জন্য  
সাক্ষাৎকারের বিজ্ঞপ্তি

পত্র নম্বর- ৮৮৭/ছা:উ:

তারিখ : ১২.০৫.২০২৪

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে বীরমুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি কোটায় ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে ভর্তির জন্য নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয় শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্রে নির্বাচনী সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে:

তারিখ	সাক্ষাৎকারে উপস্থিতির সময়	ক্রমিক নম্বর
২৩ মে ২০২৪ বৃহস্পতিবার	সকাল ৯:৩০ টা থেকে দুপুর ১:০০ টা	ক্রমিক ১ থেকে ৩৩০ পর্যন্ত
	দুপুর ২:৩০ টা থেকে বিকাল ৫:০০ টা	ক্রমিক ৩৩১ থেকে ৬৬০ পর্যন্ত
২৪ মে ২০২৪ শুক্রবার	সকাল ৯:৩০ টা থেকে দুপুর ১:০০ টা	ক্রমিক ৬৬১ থেকে ৯৩০ পর্যন্ত
	দুপুর ২:৩০ টা থেকে বিকাল ৫:০০ টা	ক্রমিক ৯৩১ থেকে ১৩২০ পর্যন্ত
২৫ মে ২০২৪ শনিবার	সকাল ৯:৩০ টা থেকে দুপুর ১:০০ টা	ক্রমিক ১৩২১ থেকে ১৬৪১ পর্যন্ত
	দুপুর ২:৩০ টা থেকে বিকাল ৫:০০ টা	ক্রমিক ১৬৪২ থেকে ১৯৬২ পর্যন্ত

১) (ক) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রমপূরণকারী ভর্তিচ্ছু বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মূল রেজিস্ট্রেশন কার্ড ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং বীর মুক্তিযোদ্ধা পরিচিতির প্রমাণক হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত ডিজিটাল সার্টিফিকেট/এমআইএস কপি (ওয়েবসাইট <http://mis.molwa.gov.bd/freedom-fighter-list> থেকে) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত (ওয়েবসাইট <http://mis.molwa.gov.bd/combined-list> থেকে) বীর মুক্তিযোদ্ধাদের সমন্বিত তালিকার কপি (যে পাতায় মুক্তিযোদ্ধার নাম রয়েছে সেই পাতা) ডাউনলোড করে প্রিন্ট করে আনতে হবে।

(খ) এছাড়া ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রমপূরণকারী ভর্তিচ্ছু নাতি-নাতনিদের ক্ষেত্রে মূল রেজিস্ট্রেশন কার্ড ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং বীর মুক্তিযোদ্ধার নাতি-নাতনি পরিচিতির প্রমাণক হিসেবে অবশ্যই সংশ্লিষ্ট এলাকার মুক্তিযোদ্ধা সংসদের দায়িত্বপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসকের স্মারক নম্বর সংবলিত সাম্প্রতিক প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে।

স্মারক নম্বর সংবলিত সাম্প্রতিক প্রত্যয়নপত্র ছাড়া কোন শিক্ষার্থীর সাক্ষাৎকার গ্রহণ করা হবে না। নাতি/নাতনি প্রমাণের জন্য দাদা/দাদী অথবা নানা/নানী এবং বাবা/মা-এর জাতীয় পরিচয়পত্র নিয়ে আসতে হবে। পরীক্ষার্থীর মায়ের জাতীয় পরিচয়পত্রে স্বামীর নাম উল্লেখ থাকলে মায়ের জন্মনিবন্ধন কার্ডের কপি নিয়ে আসতে হবে। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি উভয়ের ক্ষেত্রে উপরে বর্ণিত সকল কাগজপত্রের ১ সেট ফটোকপি সাক্ষাৎকারের সময় জমা দিতে হবে।

২) বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি কোটায় সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে [www.ru.ac.bd](http://www.ru.ac.bd) পাওয়া যাবে।

৩) প্রাথমিকভাবে সাক্ষাৎকারের জন্য নির্বাচিত কোন শিক্ষার্থীর নাম একাধিক ইউনিটে থাকলে একবার সাক্ষাৎকারে অংশগ্রহণ করলেই সে সবক'টি ইউনিটে উপস্থিত হয়েছে বলে বিবেচিত হবে।

প্রফেসর মো. জাহাঙ্গীর আলম সাউদ

ছাত্র-উপদেষ্টা

ও

সদস্য-সচিব

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি নির্বাচন কমিটি ২০২৩-২০২৪

রাজশাহী বিশ্ববিদ্যালয়